রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১২, ২০০৭

[ বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

**বাংলাদেশ পাটকল কর্পোরেশন**

**আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯শে জুলাই ১৯৭৭

**প্রবিধি নম্বর-১**

বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্টারপ্রাইজেস (জাতীয়করণ) আদেশ, ১৯৭২ (১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নম্বর-২৭) এর অনুচ্ছেদ (২৫)১-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ পাট কল কর্পোরেশন পরিচালন বোর্ড সন্তুষ্ট হইয়া নিম্নরূপ প্রবিধি প্রণয়ন করিল, যথাঃ বাংলাদেশ পাটকল (এন্টারপ্রাইজ বোর্ড) প্রবিধি, ১৯৭৭।

১। **সংক্ষিপ্ত শিরোনাম, পরিধি এবং প্রবর্তন।**—(i) প্রবিধি বাংলাদেশ পাটকল (এন্টারপ্রাইজ বোর্ড) প্রবিধি, ১৯৭৭ নামে অভিহিত হইবে এবং ইহা বাংলাদেশ পাটকল কর্পোরেশনের অধীন সকল এন্টারপ্রাইজের জন্য প্রযোজ্য হইবে, (ii) এই প্রবিধি প্রকাশের পর কার্যকর হইবে। (iii) এই প্রবিধি প্রকাশিত হইবার পূর্বে গৃহীত সকল কার্য বা কার্যক্রম ইহার বিধানমতে, ক্ষেত্রমতে গৃহীত বা সম্পাদিত হইয়াছে মর্মে গণ্য হইবে যেন এই প্রবিধি বহাল থাকা অবস্থায় এই ধরনের কার্য বা কার্যক্রম সম্পাদিত হইয়াছে।

২। **নিম্নবর্ণিত বিধানাবলী প্রয়োগ সাপেক্ষে** ঃ—

- রাষ্ট্রপতির আদেশ নম্বর-২৭, ১৯৭২-এ গৃহীত বা গৃহীতব্য সংশোধনীসমূহ;
- কোম্পানী আইন, ১৯১৩ এবং পরবর্তী সংশোধনী এবং যথানিয়মে এতদউদ্দেশ্যে প্রণীত যে কোন নূতন আইন;



মূল্য ঃ টাকা ৪.০০

- রাষ্ট্রপতির আদেশ নম্বর ২৭, ১৯৭২ এর অধীন প্রণীত বাংলাদেশ পাটকল কর্পোরেশন বিধিমালা, ১৯৭৭;
- স্মারকলিপি এবং সংঘবিধি; এবং
- সরকার/কর্পোরেশন কর্তৃক সময়ে সময়ে, জারীকৃত যে কোন আদেশ/অধ্যাদেশ/প্রবিধি/নির্দেশাবলী দ্বারা এন্টারপ্রাইজের বোর্ড সভা পরিচালিত ও উহার পরিধি নিয়ন্ত্রিত হইবে।

৩। **সংজ্ঞা**—বিষয় বা প্রসঙ্গের অসামঞ্জস্যপূর্ণ বা পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রান্তিক টীকা দ্বারা প্রবিধি নিম্নোক্ত বিষয়ের গঠন প্রক্রিয়ার কোন প্রভাব ফেলিবে না ঃ—

- "কোম্পানী" অর্থ কোম্পানী আইনে নিবন্ধকৃত এন্টারপ্রাইজ।
- "আইন" অর্থ বাংলাদেশে আপাততঃ বলবৎ কোম্পানী আইন।
- "বোর্ড" অর্থ এন্টারপ্রাইজ এর পরিচালন বোর্ড।
- "চেয়ারম্যান" অর্থ একটি এন্টারপ্রাইজের পরিচালন পর্ষদের চেয়ারম্যান।
- "অফিস" অর্থ এন্টারপ্রাইজের দপ্তর।
- "আদেশ" অর্থ বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্টাপ্রাইজ (জাতীয়করণ) আদেশ (১৯৭২ সালের ২৭ নম্বর রাষ্ট্রপতির আদেশ)।
- "কর্পোরেশন" অর্থ ১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নম্বর-২৭ বলে সৃষ্ট বাংলাদেশ পাটকল কর্পোরেশন।
- "হেড অফিস" অর্থ বাংলাদেশ পাটকল কর্পোরেশনের হেড অফিস।

৪। **বোর্ডের গঠন ও কোরাম**—সরকার কর্তৃক এতদবিষয়ে পুনঃপর্যালোচনা স্থগিত রাখিয়া বর্তমানে এন্টারপ্রাইজ বোর্ডের সদস্যের ধরন ও সংখ্যা কর্পোরেশনের সুপারিশের আলোকে সরকার কর্তৃক নিধারিত হইবে। বর্তমান বোর্ড কর্পোরেশনের মনোনীত প্রতিনিধি/প্রতিনিধিবৃন্দের অতিরিক্ত, এন্টারপ্রাইজের প্রধান, সরকার কর্তৃক মনোনীত প্রতিনিধি/প্রতিনিধিবৃন্দ এবং ব্যাংক/অর্থলগ্নী প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধির সমন্বয়ে গঠিত হইবে। কর্পোরেশন কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি বোর্ডের চেয়ারম্যান হইবেন। তিন সদস্যের উপস্থিতি কোরাম হইবে।

৫। **পরিচালকবৃন্দের সভা ও কার্যবিবরণী**—পরিচালকবৃন্দ যথোপযুক্ত মনে করিলে এন্টাপ্রাইজের অফিসে কার্য সম্পাদনের জন্য সভা পরিচালনা এবং কার্যবিবরণী প্রণয়ন করিতে পারিবেন। পরিচালক ন্যূনপক্ষে তিন মাসে একবার সভা করিবেন। সংখ্যাগরিষ্ঠ ভোটে বিবেচ্য বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইবে তবে সমসংখ্যক ভোটের ক্ষেত্রে চেয়ারম্যানের একটি নির্ণায়ক ভোট থাকিবে।

৬। **বিজ্ঞপ্তির মাধ্যমে সিদ্ধান্ত প্রস্তাব**—কোম্পানী আইনের ধারা-৮৭(ডি)(৫) এর উদ্দেশ্য ব্যতীত সকল পরিচালক কর্তৃক স্বাক্ষরিত (তিন জন পরিচালকের নীচে নহে) একটি সিদ্ধান্ত প্রস্তাব আহত সভায় যেইরূপ গৃহীত হয় সেইরূপ হইয়াছে মর্মে বৈধ এবং কার্যকর বলিয়া গণ্য হইবে।

৭। পরিচালকবৃন্দ উপযুক্ত মনে করিলে এইরূপ সদস্য/সদস্যবৃন্দ সমন্বয়ে গঠিত এক বা একাধিক কমিটির নিকট তাহাদের সে কোন ক্ষমতা অর্পণ করিতে পারিবেন এবং সময়ে সময়ে এইরূপ কমিটির সদস্য বা সদস্যবৃন্দের মনোনয়ন প্রত্যাহার করিতে পারিবেন। তবে কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অথবা কমিটির প্রতিবেদনের ভিত্তিতে সিদ্ধান্তের জন্য পরিচালকবৃন্দ দায়ী থাকিবেন।

৮। **কার্যবিবরণী**—পরিচালকবৃন্দ সভায় কার্যবিবরণী সভায় নির্ধারিত কার্যবিবরণী বহিতে যথাযথভাবে লিপিবদ্ধ করিবেন এবং উহা এন্টারপ্রাইজ প্রধানের হেফাজতে থাকিবে।

৯। **সচিব**—পর্যদ একজন পূর্নকালীন সচিব নিযুক্ত না হওয়া পর্যন্ত এন্টারপ্রাইজের হিসাবরক্ষণ বিভাগে কর্মরত একজন অফিসারের (সমন্বয়কারী অফিসার পদের নিচে নহেন) অগ্রাধিকার ভিত্তিতে সচিব হিসাবে মনোনীত করিবে। যিনি এন্টারপ্রাইজের সচিব হিসাবে তাহার স্বাভাবিক দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব পালন করিবেন এবং অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য তাহার পদমর্যাদার প্রাপ্যতা অনুযায়ী তাহাকে সম্মানী/ভাতা প্রদান করা হইবে। উক্ত অফিসার এন্টারপ্রাইজের প্রধানের নিয়ন্ত্রণে কাজ করিবেন এবং যথাযথভাবে বোর্ড মিটিং সংক্রান্ত যাবতীয় রেকর্ড পত্র সংরক্ষণ করিবেন।

১০। **নোটিশ**—এন্টারপ্রাইজের প্রধান, চেয়ারম্যান এর সহিত আলোচনাক্রমে পর্যদ সভার নোটিশ জারী করিবেন। একজন ডাইরেক্টর পর্যদ সভার জন্য রিকুইজিশন দিতে পারেন। এন্টরপ্রাইজের প্রধান এইরূপ রিকুইজিশন পাওয়ার পর চেয়ারম্যান এর সহিত আলোচনাক্রমে পর্যদ সভার জন্য নোটিশ জারী করিবেন। উক্ত নোটিশের সহিত যথাযথ আলোচ্যসূচী এবং কার্যপত্র থাকিবে।

১১। **অফিসে পদের শূন্যতা**—মনোনয়নকারী কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে একজন পরিচালক তাহার পদে বহাল থাকিবেন এবং লিখিতভাবে মনোনয়ন প্রত্যাহার করিলে আপনা আপনি পদটি শূন্য হইবে।

১২। **কোরাম ব্যতীত পরিচালকবৃন্দের সভা**—কোন কারণে কোরাম পূর্ণ করিবার মত প্রয়োজনীয় সংখ্যক পরিচালক উপস্থিত না থাকিলে কর্পোরেশনের লিখিত অনুমতিক্রমে দায়িত্বরত পরিচালকবৃন্দ সভা করিতে পারিবেন, তবে এইরূপ সভা পর পর দুইবারের বেশি করা যাইবে না।

১৩। **পরিচালকের পারিতোষিক**—ভিন্নরূপ নির্ধারণ না হওয়া পর্যন্ত সভায় উপস্থিত প্রত্যেক পরিচালক প্রতি সভার জন্য ১০০ (একশত) টাকা হিসাবে পারিশ্রমিক পাইবেন। উল্লেখ্য যে, একদিনের একাধিক সভায় উপস্থিত থাকিলেও মোট পারিশ্রমিক এর পরিমাণ ১০০ টাকা অতিক্রম করিবে না। ইহা ছাড়াও সভায় অংশগ্রহণকারী একজন পরিচালক বিধি মোতাবেক ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন।

১৪। **সাধারণ ক্ষমতা**—কর্পোরেশনের সমন্বয় এবং তত্ত্বাবধান সাপেক্ষে পরিচালনা পর্যদ এর উপর এন্টারপ্রাইজসমূহের ব্যবস্থাপনা ন্যস্ত থাকিবে। পরিচাকবৃন্দ নিম্নরূপ ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন ঃ

(ক) কর্পোরেশনের অনুমোদিত বাজেটের আওতায় এন্টারপ্রাইজের প্রতিষ্ঠা ও উন্নয়নের জন্য প্রয়োজনীয় খরচাদি, চার্জ এবং মূল্যসহ এন্টারপ্রাইজের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা, খরচাদি, চার্জ, মূল্য প্রদান করা।

(খ) কর্পোরেশনের অনুমোদনক্রমে কোন ভূমি, লীজহোল্ড বিল্ডিং, প্লান্ট, যন্ত্র এবং যন্ত্রাংশ ইত্যাদির ক্রয় মূল্য পরিশোধ করা।

(গ) এন্টারপ্রাইজ কর্তৃক সম্পাদিত কোন চুক্তি, সমঝোতা, লিখিত অঙ্গীকারের নিশ্চিয়তা পূরণ করা।

(ঘ) এন্টারপ্রাইজ বা ইহার অফিসার দ্বারা এবং বিপক্ষে যে কোন আইনানুগ কার্যক্রম রুজু, পরিচালন, মীমাংসা বা পরিত্যাগ করা।

(ঙ) এন্টারপ্রাইজের চাহিদা ও দাবীর জন্য পরিশোধযোগ্য এবং এন্টারপ্রাইজের পরিশোধযোগ্য অর্থের রশিদ রিলিজ এবং অন্যান্য ডিসচার্জ প্রস্তুত ও প্রদান করা।

(চ) এন্টারপ্রাইজের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার প্রয়োজনে সকল চেক, বিল অব লেডিং, ড্রাফট, পে-অর্ডার, বিল অব এক্সচেঞ্জ ইত্যাদি উত্তোলন পৃষ্ঠাংকন দস্তখত প্রদান এবং নেগোশিয়েট করা।

(ছ) অগ্নি বা অন্য কোনভাবে ক্ষতি বা বিনষ্টের বিরুদ্ধে বীমা, এন্টারপ্রাইজের সম্পূর্ণ বা আংশিক সম্পত্তিসহ ইমারত, যন্ত্রপাতি, পণ্য, ভান্ডার, উৎপাদিত পণ্য, মোটরযান এবং অন্যান্য স্থাবর ও অস্থাবর সম্পত্তির বীমা করা।

(জ) এন্টারপ্রাইজের পক্ষে বিল, নোট রশিদ চেক গ্রহণ, পৃষ্ঠাংকন চুক্তি ও দলিলাদিতে সময়ে সময়ে স্বাক্ষর প্রদানকারী নির্ধারণ করা।

(ঝ) কর্পোরেশন কর্তৃক সময়ে সময়ে গৃহীত নীতিমালার আলোকে এবং নির্ধারিত বাজেটের অধীন কর্মরত শ্রমিক/কর্মচারীদের কল্যাণ নিশ্চিত করা।

(ঞ) কোন আইন/নির্দেশনাবলী/সরকারী আদেশ/কর্পোরেশনের কর্তৃত্বের সীমার মধ্যে স্থানীয় ব্যস্থাপনার সহিত যে কোন শ্রম বিরোধ স্বাভাবিক চ্যানেলে নিষ্পত্তি করা সম্ভব না হইলে শ্রমিকদের আইনানুগ প্রতিনিধির মাধ্যমে উক্ত বিরোধ আপস করা এবং নিষ্পত্তি করা।

(ট) পর্যদ সমীচীন মনে করিলে গুরুত্বপূর্ণ বা যে কোন বিষয় সিদ্ধান্তের জন্য কর্পোরেশনে প্রেরণ করা।

(ঠ) ভবিষ্যত উন্নয়ন পরিকল্পনা/ পরিকল্প প্রণয়নপূর্বক অনুমোদন এবং পরবর্তী প্রক্রিয়াকরণ এবং এইরূপ যে কোন অনুমোদিত পরিকল্পনা দ্রুত নিষ্পত্তির জন্য কর্পোরেশনে
প্রেরণ করা।

(ড) প্রয়োজনীয় ও সমীচীন মনে করিলে এন্টারপ্রাইজের সকল বা যে কোন বিষয় যথাযথভাবে নিষ্পন্ন করিতে এন্টারপ্রাইজের প্রধান অথবা অপর যে কোন জ্যেষ্ঠ অফিসারকে ক্ষমতা অর্পণ করা।

(ঢ) পরিচালকবৃন্দ সময়ে সময়ে যেইরূপ উপযুক্ত মনে করে সেইরূপ শর্ত ও সময়ে কাস্টম ও এক্সাইজসহ ইহার অন্যান্য কর্তৃত্ব ও স্বেচ্ছাধীন ক্ষমতা (ডিসক্রিসান) প্রদানের উদ্দেশ্যে কোন ব্যক্তিকে আম-মোক্তারনামার মাধ্যমে এন্টারপ্রাইজের এটর্নি নিয়োগ করা।

(ণ) যতটুকু সম্ভব কম খরচে যথাযথ উৎপাদন, পরিকল্পনা এবং অধিকতর বৈদেশিক মুদ্রা অর্জনের লক্ষ্যে, সময়ে সময়ে, এন্টারপ্রাইজের কার্যাবলীর অগ্রগতি পর্যালোচনা করা।

১৫। **সুনির্দিষ্ট ক্ষমতা**—উপরিল্লিখিত ১৪ নম্বর প্রবিধানে যাহা উল্লেখ আছে উহার অতিরিক্ত নিম্নে উল্লিখিত সুনির্দিষ্ট ক্ষমতাসমূহ পরিচালকবৃন্দ প্রয়োগ করিতে পারিবেন।

(ক) **প্রশাসনিক**—বিজেএমসি ও গ্রেড-বি-১ সম-পর্যায়ভুক্ত এবং উহার উপরের পর্যায়ের এবং এন্টারপ্রাইজ প্রধান, এন্টারপ্রাইজের হিসাব প্রধান এবং সুনির্দিষ্টভাবে যে সকল পদ কর্পোরেশন কর্তৃক সংরক্ষণ করা হয়, তাহা ছাড়া এন্টারপ্রাইজের জন্য যে কোন অফিসার, কর্মচারী, শ্রমিক বা পরিচালক কর্পোরেশনের চাকুরী প্রবিধানমালার শর্ত মোতাবেক নিয়োগ করিতে এবং তাহাদেরকে সাময়িক বরখাস্ত, চাকুরীচ্যুত করাসহ তাহাদের বিরুদ্ধে বিধি মোতাবেক যে কোন শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা কিন্তু গৃহীত শৃঙ্খলামূলক ব্যবস্থার বিরুদ্ধে পর্যালোচনার এখতিয়ার কর্পোরেশনের উপর থাকিবে।

(খ) **আর্থিক**—এন্টারপ্রাইজের ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে ব্যাংক/ব্যাংকসমূহে হিসাব খোলা এবং ঐ হিসাবে টাকা জমা দেওয়া, হিসাব হইতে টাকা উত্তোলন করা এবং ঐ হিসাব পর্ষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত দুইজন অফিসারের স্বাক্ষরে পরিচালিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, এন্টারপ্রাইজের ক্যাশ ক্রেডিট হিসাব কর্পোরেশন/ আঞ্চলিক অফিস/শাখা অফিস এর একজন মনোনীত অফিসারসহ যৌথভাবে যে কোন দুইজন অফিসারের স্বাক্ষরে পরিচালিত হইবে।

(গ) কর্পোরেশনের পূর্বানুমোদনক্রমে এন্টারপ্রাইজের স্বার্থে ঋণ গ্রহণে ব্যবস্থা করা এবং ঋণ গ্রহণ করা ঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ ঋণের দলিলাদি লোনের এগ্রিমেন্ট/ধারাসমূহ প্রকল্প প্রধান এবং প্রধান অফিস/আঞ্চলিক অফিস/শাখা অফিসের একজন নমিনী কর্তৃক যৌথভাবে স্বাক্ষরিত হইতে হইবে।

(ঘ) কর্পোরেশনের সম্মতি সাপেক্ষে, এন্টারপ্রাইজের তাৎক্ষণিকভাবে প্রয়োজন হইবে না এইরূপ অর্থ উপযুক্ত মনে করিলে নির্ধারিত পদ্ধতি ও শর্তে বিনিয়োগ করা বা পরিবর্তন অর্থাৎ আদায় করা।

(ঙ) বাংলাদেশ জুট মিলস কর্পোরেশন প্রবিধিমালা, ১৯৭৭ এর বিধি-১৬ এর বিধান তফসিল-২ এ বর্ণিত ফর্ম অনুযায়ী এবং কর্পোরেশনের পূর্বানুমোদন এবং নির্দেশক্রমে বাৎসরিক বাজেট প্রণয়ণ ও বাস্তবায়ন করা ।

(চ) কর্পোরেশনের অনুমোদনক্রমে এন্টারপ্রাইজের বার্ষিক নিরীক্ষা হিসাব যথাযথ পদ্ধতিতে প্রস্তুত এবং চূড়ান্ত করা এবং কর্পোরেশনের পূর্ব পরামর্শক্রমে বহিরাগত নিরীক্ষক নিয়োগ করা।

(ছ) কর্পোরেশনের নিয়মিত তত্ত্বাবধানে সর্বোচ্চ ২.৫০ লক্ষ টাকা মূল্যমানের সকল বাৎসরিক মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ সম্পন্ন করা এবং কর্পোরেশনের অনুমোদিত বাজেটের আওতায় একই মূল্যমানের সকল মূলধনীয় কাজ এবং বিশেষ মেরামত কাজ যেমন, অগ্নি, বন্যা, সাইক্লোন ইত্যাদির কারণে ক্ষতিগ্রস্ত ভবনের পুণঃমেরামত কাজ করা। যেই ক্ষেত্রে এইরূপ কার্য-সম্পন্ন করিবার জন্য এন্টারপ্রাইজের যোগ্যতাসম্পন্ন স্নাতক প্রকৌশলী রহিয়াছেন, সেইক্ষেত্রে কর্পোরেশনের অনুমোদিত বাজেটের অধীন সর্বোচ্চ ৭.৫০ লক্ষ টাকা আর্থিক মূল্যের উল্লিখিত কার্য করা। উল্লেখ্য উপরে উল্লিখিত ২.৫০ লক্ষ টাকার অধিক মূল্যমানের স্থায়ী ও বিশেষ মেরামত কার্য এবং যেই ক্ষেত্রে বিশেষ মেরামতের কার্য এবং সেই ক্ষেত্রে এন্টারপ্রাইজের যোগ্যতাসম্পন্ন স্নাতক প্রকৌশলী রহিয়াছে, সেই ক্ষেত্রে ৭.৫০ লক্ষ টাকার অধিক মূল্যের উক্তরূপ কাজ সম্পন্ন করিবার পূর্বে কর্পোরেশনের অনুমোদিত বাজেটের আওতায় কর্পোরেশন হইতে উক্তরূপ কাজের কারিগরী অনুমোদন গ্রহণ করিতে হইবে। পরবর্তীতে এই কাজসমূহের জন্য আর কর্পোরেশনের আর্থিক অনুমোদন এর প্রয়োজন হইবে না যদি এন্টারপ্রাইজের মূলধন বাজেট কর্পোরেশন কর্তৃক অনুমোদিত হয়।

(জ) **কর্পোরেশনের ক্রয়**—কর্পোরেশনের তত্ত্বাবধানে বিপুল পরিমাণ সাধারণ ব্যবহার্য বস্তু ক্রয় ব্যতীত গুদামের জন্য অন্য সকল বৈদেশিক ক্রয় কর্পোরেশনের নির্দেশনা এবং পদ্ধতি অনুযায়ী আঞ্চলিক অফিসের সহায়তায় সম্পন্ন করা তবে শর্ত থাকে যে, এন্টারপ্রাইজ সকল স্থানীয় ক্রয় কর্পোরেশনের নির্দেশনা মোতাবেক সম্পন্ন করিতে পারিবে।

(ঝ) কর্পোরেশন কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত দিক নির্দেশনায় কর্পোরেশনের সমন্বয়ে এবং তত্ত্বাবধানে কাঁচা পাটের ক্রয়কেন্দ্র/এজেন্সী/ঘাট অথবা কাঁচা পাট ক্রয়ের চুক্তির কাজ শুরু ইত্যাদি করা।

(ঞ) কর্পোরেশনের মাধ্যমে সময়ান্তরিক নিরীক্ষা/তদন্ত সাপেক্ষে কাঁচা পাট ভান্ডার মালামাল এবং উৎপাদিত পণ্যের মজুদ নিশ্চিত করা ও উহার সংরক্ষণ এবং রক্ষণাবেক্ষণ করা।

(ট) **বিক্রয়**—পাটের শেয়ার বাজার ধরিয়া রাখাসহ আন্তর্জাতিক বাজারে কার্যকরভাবে প্রতিযোগিতায় টিকিয়া থাকিবার লক্ষ্যে, কর্পোরেশনের সমন্বয় এবং নির্দেশনার আলোকে কর্পোরেশনের তত্ত্বাবধানে উৎপাদিত পণ্যের বিক্রয় করা।

বোর্ডের আদেশক্রমে

**জহিরুল ইসলাম**
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।